

ধায় যেন মোর সকল ভালোবাসা  
 প্রভু, তোমার পানে, তোমার পানে, তোমার পানে ।  
 যায় যেন মোর সকল গভীর আশা  
 প্রভু, তোমার কানে, তোমার কানে, তোমার কানে ॥  
 চিত্ত মম যখন যেথায় থাকে,  
 সাড়া যেন দেয় সে তোমার ডাকে,  
 যত বাধা সব টুটে যায় যেন  
 প্রভু, তোমার টানে, তোমার টানে, তোমার টানে ॥  
 বাহিরের এই ভিক্ষাভরা খালি  
 এবার যেন নিঃশেষে হয় খালি,  
 অন্তর মোর গোপনে যায় ভরে  
 প্রভু, তোমার দানে, তোমার দানে, তোমার দানে ।  
 হে বন্ধু মোর, হে অন্তরতর,  
 এ জীবনে যা-কিছু সুন্দর  
 সকলি আজ বেজে উঠুক সুরে  
 প্রভু, তোমার গানে, তোমার গানে, তোমার গানে ॥

---

Parjaay: Puja, Taal: Jhampak, Raag: Bhairavi (Shadaj Altered)  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail